ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩০৫
জিরানীয়া, ১২ আগস্ট, ২০২৫

**পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত**

পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির এক সভা আজ পঞ্চায়েত সমিতির সভাগৃহে অনুষ্ঠিত হয়। কমিটির সভাপতি লিপি দাস সভায় সভাপতিত্ব করেন। সভায় সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের প্রতিনিধি জানান, পুরাতন আগরতলা ব্লক এলাকায় ১০৯টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র রয়েছে। স্বাধীনতা দিবসের অনুষ্ঠান পালনের অঙ্গ হিসেবে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে শিশুদের মধ্যে বসে আঁকো প্রতিযোগিতা, র‍্যালি এবং স্বচ্ছতা অভিযান কর্মসূচি পালন করা হচ্ছে। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের প্রতিনিধি জানান, আজ থেকে জিরানীয়া মহকুমা ভিত্তিক স্কুল স্পোর্টস শুরু হয়েছে। এই মহকুমার ৪টি ব্লক বেলবাড়ি, জিরানীয়া, মান্দাই ও পুরাতন আগরতলা এবং জিরানীয়া নগর পঞ্চায়েত ও রাণীরবাজার পুর এলাকায় এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। অনুর্দ্ধ ১৪, ১৭ এবং ১৯ বছরের ছাত্রছাত্রীরা ১৯টি ইভেন্টে প্রতিযোগিতায় অংশ নেবে। সভায় উপস্থিত ছিলেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ঝর্ণা রাণী দাস, ভাইস চেয়ারম্যান মন্টি দেবনাথ, বিডিও শান্তনু দত্ত সহ কমিটির সদস্য সদস্যাগণ।

******